



International Development - (International)  
International Development (International)

**Job Category:** NGO/Development

**Job Source:** International Development

## Job Summary

**Posted On:** 20 Jan 2025

**Application Deadline:** 31 Jan 2025





## নিয়োগ বিজ্ঞপ্তি

ফ্রেন্ডস্ ইন ভিলেজ ডেভেলপমেন্ট বাংলাদেশ (এফআইভিডিবি) যার এমআরএ সনদ নং-৪২৩। সংস্থার সমন্বিত আর্থিক সেবা কর্মসূচি (আইএফএসপি)-এর আওতায় প্রত্যন্ত গ্রামাঞ্চলে শ্রমজীবী পুরুষ/মহিলা দলগঠন, সঞ্চয় ও ঋণ কার্যক্রম পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত পদসমূহে কিছু সংখ্যক পরিশ্রমী, সৎ ও উদ্যমী কর্মী নিয়োগ করা হবে।

ক্রম	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স	মাসিক বেতন
০১	অডিট এ্যাসোসিয়েট	হিসাবরক্ষণে স্নাতক/স্নাতকোত্তর। ক্ষুদ্র ঋণ কর্মসূচিতে হিসাবরক্ষণ কাজে কমপক্ষে ০৩ বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটারে ওয়ার্ড ও এক্সেলে পারদর্শী হতে হবে। বয়স: সর্বোচ্চ ৪০ বছর	প্রারম্ভিক সর্বসাকুল্যে ৪১,১২৫/= টাকা এবং নিয়মিত হবার (৬মাস) পর ৪৬,৮২০/= টাকা।
০২	শাখা ব্যবস্থাপক	স্নাতক/স্নাতকোত্তর। ব্রাঞ্চ পরিচালনায় কমপক্ষে ০৩ বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটারে ওয়ার্ড ও এক্সেলে পারদর্শী এবং মটরসাইকেল চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। বয়স: সর্বোচ্চ ৪০ বছর	প্রারম্ভিক সর্বসাকুল্যে ৪২,৩৭০/= টাকা এবং নিয়মিত হবার (৬মাস) পর ৪৯,২৩০/= টাকা।
০৩	হিসাবরক্ষক কাম এমআইএস অফিসার	হিসাববিজ্ঞানে স্নাতক/স্নাতকোত্তর। কম্পিউটারে ওয়ার্ড ও এক্সেল ব্যবহারে পারদর্শী হতে হবে। বয়স: সর্বোচ্চ ৩৫ বছর	প্রারম্ভিক সর্বসাকুল্যে ২৭,৭০০/= টাকা এবং নিয়মিত হবার (৬মাস) পর ৩৪,৮৬০/= টাকা।
০৪	কর্মসূচি সহকারি-১ (ক্ষুদ্র ঋণ)	এইচ.এস.সি/স্নাতক ক্ষুদ্র ঋণ কার্যক্রমে কমপক্ষে ০২ বছরের অভিজ্ঞতা আবশ্যিক।	প্রারম্ভিক বেতন যাতায়াত ও মোবাইল বিলসহ সর্বসাকুল্যে ২৫,৯৫০/= টাকা। নিয়মিত হবার (৬ মাস) পর ৩০,৭০০/= টাকা
০৫	কর্মসূচি সহকারি-২ (ক্ষুদ্র ঋণ)	এইচ.এস.সি/স্নাতক বয়স: সর্বোচ্চ ৩০ বছর	প্রারম্ভিক বেতন যাতায়াত ও মোবাইল বিলসহ সর্বসাকুল্যে ২০,৯৫০/= টাকা। নিয়মিত হবার (৬ মাস) পর ২৫,১৯০/= টাকা

## অন্যান্য সুবিধা ও শর্তাবলীঃ

- উপরোক্ত সকল পদে গ্র্যাচুইটি (সর্বোচ্চ বেসিকের ৩গুন), প্রভিডেন্ড ফান্ড, উৎসব ভাতা ২টি, কমপেনসেটরি এলাউন্স, ক্রেডিট রিস্ক এলাউন্স ও কর্মস্থলে নিখরচায় থাকার সুবিধা আছে। এছাড়াও সকল পদে অধিকতর অভিজ্ঞদের ক্ষেত্রে বেতন আলোচনা সাপেক্ষ।
- ১, ২ ও ৪ নং পদে শুধুমাত্র বর্তমানে কর্মরত আছেন এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন। আবেদনপত্রে বর্তমানে কর্মরত প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- সকল পদে নির্বাচিত প্রার্থীদের চূড়ান্ত নিয়োগের সময় প্রার্থীর পক্ষে একজন জামিনদারকে ৩০০/= টাকার স্ট্যাম্প স্বাক্ষর করে জামিনদার হতে হবে।

আগ্রহী প্রার্থীরা খামের উপর পদের নাম উল্লেখপূর্বক A4 সাইজের সাদা কাগজে আবেদনপত্র এবং সাথে সম্প্রতি তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, জীবনবৃত্তান্ত, অভিজ্ঞতা (যদি থাকে), সংশ্লিষ্ট পরীক্ষা পাশের সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও যোগাযোগের জন্য সেলফোন নম্বর উল্লেখপূর্বক ৩১ জানুয়ারি ২০২৫ খ্রি. তারিখের মধ্যে নির্বাহী পরিচালক, এফআইভিডিবি, খাদিমনগর, সিলেট বরাবরে পাঠাতে হবে।